দৈনিক ইত্তেফাক

তারিখ 03 DEC 1992
পৃষ্ঠা 7 কলাম 4

28

## বগুড়া সরকারী কলেজ বন্ধ।। নির্বাচন স্থগিত

বগুড়া সংবাদদাতা ।। সরকারী আজিজুল হক কলেজের ছাত্র সংসদ নির্বাচন লইয়া গতকাল বুধবার কলেজের উভয় শাখায় সংঘর্ষের পর এই নির্বাচন অনি-

( ২য় পৃঃ ৩-এর কঃ দ্রঃ )

## বগুড়া সরকারী কলেজ

( ১ম পৃঃ পর )

র্দিষ্টকালের জন্য স্থগিত এবং ৭ই ডিসেম্বর পর্যন্ত কলেজ বন্ধ ঘোষণা করা হইয়াছে। গতকালের সংঘর্ষে ২ জন শিক্ষকসহ ১০ জন আহত হয়। সকালে নির্বাচনে প্রার্থীদের পরিচিতি সভা শুরু হওয়ার পরই ২০/২৫টি ককটেল বিস্ফোরিত হইলে গণ্ডগোলের সূত্রপাত হয়। ঘটনার পর ছাত্রদল বাদে অবশিষ্ট ছাত্র সংগঠনের নেতা ও কর্মীরা সন্ত্রাসের প্রতিবাদে জেলা প্রশাসক ও পুলিশ সুপারের অফিসে গিয়া স্মারকলিপি প্রদান করে। নির্বাচনে ছাত্রদলের ২টি প্যানেলসহ মোট ৯টি প্যানেল মনোনয়নপত্র দাখিল করিয়াছে। আইন-শৃংখলা রক্ষার জন্য পুলিশ মোতায়েন করা হইয়াছে। বিকালে অধ্যক্ষের সভাপতিত্বে আয়োজিত জরুরী সভায় সন্ত্রাসী কার্যকলাপের নিন্দা করা হয়। কলেজের আইন-শৃংখলা পরিস্থিতির আরও অবনতির আশংকায় উপরোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।